



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ  
ময়মনসিংহ

E-mail: [muminunnisagovtcollege@gmail.com](mailto:muminunnisagovtcollege@gmail.com)  
[www.mugmc.edu.bd](http://www.mugmc.edu.bd)



EIIN: 111915



নং-মুসমক/৩২৮/২০২০

তারিখ : ০২/৮/২০২০

## ‘আমার মুজিব’ শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে লেখা ও ছবি আহ্বান

মুমিনুনিসা সরকারি মহিলা কলেজে অধ্যয়নরত উচ্চ মাধ্যমিক একাদশ ও দ্বাদশ, অনার্স, মাস্টার্স এবং ডিগ্রী (পাস) শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস ২০২০ ও মুজিববর্ষ উপলক্ষ্যে ‘আমার মুজিব’ শিরোনামে লেখা এবং ছবি আহ্বান করা হয়েছে। সে মোতাবেক নিম্নোক্ত অনুসরণীয় নিয়মাবলী অনুসরণ করে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ০৬/৮/২০২০ তারিখের মধ্যে শুধু লেখা, শুধু ছবি অথবা লেখা ও ছবি একসঙ্গে ১। কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান জনাব মোঃ এনামুল হক এবং ২। প্রাণিবিদ্যা বিভাগের প্রভাষক জনাব সুজিত কুমার দেবনাথ এর নিকট জমা দিতে পারবে। মুজিব শতবর্ষে শত (১০০) শব্দের মধ্যে লেখা ও ছবি আঁকার মাধ্যমে শিক্ষার্থীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানাবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের এ লেখা ও ছবি বিভাগীয় ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার পাশাপাশি কলেজের অভ্যন্তরীণ প্রতিযোগিতার জন্যও যাচাই বাছাই করে পুরস্কার প্রদান করা হবে।

### অনুসরণীয় নিয়মাবলী :

- ১। লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে ‘আমার মুজিব’ শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটারে (Nikosh Font-এ ১৩ সাইজে লিখবে।
- ২। ছবি আঁকার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজে /আর্ট পেপারে ‘আমার মুজিব’ বিষয়ে একটি ছবি আঁকবে (যেকোন মাধ্যমে ছবি আঁকা যাবে)
- ৩। কলেজের অভ্যন্তরীণ প্রতিযোগিতার জন্য ‘আমার মুজিব’ শিরোনামে লেখা রচনা এবং ছবির হার্ড কপি পাশাপাশি একটি সফট কপি কলেজের ইমেইল ঠিকানা : [muminunnisagovtcollege@gmail.com](mailto:muminunnisagovtcollege@gmail.com) এ পাঠাতে হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ  
ময়মনসিংহ

E-mail: [muminunnisagovtcollege@gmail.com](mailto:muminunnisagovtcollege@gmail.com)  
[www.mugmc.edu.bd](http://www.mugmc.edu.bd)



EIIN: 111915



- ৪। শিক্ষার্থীরা লেখার ক্ষেত্রে লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে ছবির পিছনে বিভাগের নাম (ক/খ/গ/ঘ), নিজের নাম, শ্রেণি, শাখা, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ইমেইল নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক পাসপোর্ট সাইজের একটি ছবি সংযুক্ত করবে।
- ৫। প্রাপ্ত লেখা এবং ছবিতে প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীদের লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে পিছনে সিলসহ প্রতীক্ষার করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ইমেইলে প্রেরণ নিশ্চিত করবেন।

০২/৮/২০২০

(প্রফেসর মোঃ আবু তাহের)

আইডি নং-২১৯৬

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ

ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৭২৪৭।

**বহুল প্রচারের জন্য :**

- ১। কলেজের অফিসিয়াল ফেইসবুক, ওয়েবসাইট এবং শিক্ষক গ্রুপে।
- ২। সংরক্ষণ নথি।